

রপ্তানি উন্নয়ন ব্যুরো

EXPORT PROMOTION BUREAU



নং-২৬.০২.০০০০.০৫২.৪৭.৩২৯.৯৮/১৬৪৩ (৪)

তারিখ: ০২-০৭-২০১৮


বিজ্ঞপ্তি

যে সকল তৈরী পোষাক এবং বস্ত্র প্রস্তুতকারক ও রপ্তানিকারক প্রতিষ্ঠান ২০১৮-২০১৯ অর্থবছরের রপ্তানি উন্নয়ন ব্যুরোর নিবন্ধন সনদ নবায়নের নিমিত্তে ৩০-০৬-২০১৮ তারিখ পর্যন্ত আবেদন করতে সক্ষম হয়নি সে সকল প্রতিষ্ঠান আগামী ৩১-০৭-২০১৮ তারিখের মধ্যে নির্ধারিত নিবন্ধন ফি = ৩,০০০/(তিন হাজার) টাকার পে-স্লিপসহ নিম্নবর্ণিত হালমেয়াদী কাগজপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে:-

- আবেদনকারীর সত্যায়িত দুই কপি ছবি;
- ট্রেড লাইসেন্সের নবায়িত কপি;
- ই আর সি সনদের নবায়িত কপি;
- সংশ্লিষ্ট সমিতির সদস্য সনদের নবায়িত কপি;
- বন্ডেড ওয়্যার হাউস লাইসেন্সের নবায়িত কপি (প্রযোজ্য ক্ষেত্রে);
- ফায়ার সার্ভিস সনদপত্রের নবায়িত কপি;
- ফায়ার পলিসির নবায়িত কপি;
- গ্রুপ বীমার নবায়িত কপি;
- যে সকল প্রতিষ্ঠান অদ্যাবধি যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত কারখানা ভবনের লে-আউট প্লান ও স্ট্রাকচারাল ডিজাইন এর কপি দাখিল করেনি সে সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে আবেদনপত্রের সাথে অনুমোদিত লে-আউট প্লান ও স্ট্রাকচারাল ডিজাইন দাখিল করতে হবে।

০২। উল্লেখ্য, আগামী ৩১ জুলাই, ২০১৮ তারিখের পরে নিবন্ধন নবায়ন ব্যতীত রপ্তানি উন্নয়ন ব্যুরো থেকে কোন প্রকার সেবা (জিএসপি, সিও, সাপটা, সাফটা ও আপটা) প্রদান করা হবে না। আগামী ৩১ জুলাই, ২০১৮ তারিখের পর নির্ধারিত নিবন্ধন ফি = ৩,০০০/ ও জরিমানা ফি (১ম বার) = ১,৫০০/- সর্বমোট = ৪,৫০০/- (চার হাজার পাঁচশত) টাকার পে-স্লিপসহ হালমেয়াদী কাগজপত্রের সত্যায়িত কপিসহ আবেদনপত্র দাখিল করতে হবে।

০৩। বিজিএমইএ ও বিকেএমইএ এবং অন্যান্য সমিতির সদস্যভুক্ত যে সকল প্রতিষ্ঠান রপ্তানি উন্নয়ন ব্যুরোর আঞ্চলিক অফিস চট্টগ্রাম ও শাখা অফিস নারায়ণগঞ্জ থেকে সেবা গ্রহণ করে থাকে তাদের নিবন্ধন সনদ নবায়ন করতে সরাসরি ব্যুরোর সংশ্লিষ্ট অফিসে আবেদন করার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।


(মোঃ শরীফুল হক)
সহকারী পরিচালক

বিতরণ (জেষ্ঠ্যতার ভিত্তিতে নয়):

- উপ-প্রধান (বস্ত্র), বাণিজ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ১১০২/এ, মোস্তফা সেন্টার (৪র্থ তলা), আশাবাদ বা/এ, চট্টগ্রাম।
- উপ-পরিচালক (অর্থ), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা
- প্রোগ্রামার, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা (এই বিজ্ঞপ্তি ব্যুরোর ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- সভাপতি, বিজিএমইএ, ২৩/১, পাহুপথ লিংক রোড, কাওরান বাজার, ঢাকা।
- সভাপতি, বিকেএমইএ, প্রিন্স টাওয়ার, সোনারগাঁও রোড, হাতিরপুল, ঢাকা।
- সভাপতি, বিটিএলএমইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৪র্থ তলা), ঢাকা।
- সভাপতি, বিএসটিএমপিআইএ, পল্টন টাওয়ার, ৮৭, পুরানো পল্টন লেন (৩য় তলা), ঢাকা।
- সভাপতি, বিটিএমএ, ইউনিক ট্রেড সেন্টার (লেভেল-৮), ৮ পাহুপথ, কাওরান বাজার, ঢাকা।
- সহকারী পরিচালক, রপ্তানি উন্নয়ন ব্যুরো, সান্তার টাওয়ার (৫ম তলা), এসএম মাল্হ রোড, টানবাজার, নারায়ণগঞ্জ।
- স্টাফ-অফিসার টু ভাইস-চেয়ারম্যান, রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা। (ভাইস-চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- পি এ টু মহা-পরিচালক (বস্ত্র), রপ্তানি উন্নয়ন ব্যুরো, ঢাকা। (মহা-পরিচালক (বস্ত্র) মহোদয়ের সদয় অবগতির জন্য)।

আপনার সমিতির সদস্যদের মধ্যে প্রচারের জন্য অনুরোধ করা হলো।